

২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম পরিকল্পনা অনুযায়ী ৪ৰ্থ শিল্পবিপ্লব এর চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি- জনাব মোঃ আব্দুল মান্নান আকন্দ, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মান্দা, নওগাঁ

সভার স্থান- সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, মান্দা, নওগাঁ

তারিখ- ২৬.১০.২০২২ খ্রি.

সময়- সকাল ১১.০০ ঘটিকা

সভাপতি মোঃ আব্দুল মান্নান আকন্দ সভায় উপস্থিত অতিথিবন্দকে স্বাগত জানিয়ে ২০২২-২৩ অর্থ বছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম পরিকল্পনা অনুযায়ী ৪ৰ্থ শিল্পবিপ্লব এর চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে অবহিতকরণ সভার কাজ আরম্ভ করেন। তিনি আলোচনা করেন, চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা ও সম্ভাবনাকে কাজে লাগানোর জন্য সরকার ইতোমধ্যে কর্মপরিকল্পনা তৈরীর উদ্যোগ হাতে নিয়েছে। ধারণা করা হচ্ছে ২০৫০ সালে বিশ্বের জনসংখ্যা হবে প্রায় ৯৭০ কোটি, আর বাংলাদেশের জনসংখ্যা হবে প্রায় ২২ কোটি। এ বিশাল জনগোষ্ঠীর জন্য নিরাপদ খাদ্য ও পুষ্টি চাহিদা নিশ্চিতের পাশাপাশি এসডিজি ২০৩০ লক্ষ্যকে সামনে নিয়ে এদেশের অ্যাকোয়াকালচার ৪.০-এর কর্মপরিকল্পনা ঢেলে সাজানোর লক্ষ্যে কাজ করছে সরকার। মৎস্য ও মৎস্যজাত পণ্যের স্থায়ীভূক্তি উৎপাদন ও বিপন্ন ব্যবস্থা গড়ে তুলতে মৎস্যসেক্টের আধুনিক ও লাগসই প্রযুক্তির ব্যবহার এখন সময়ের দাবি। বাংলাদেশে এ শিল্প বিপ্লবের সুযোগ নিতে হলে আগাম ব্যাপক প্রস্তুতি গ্রহণ করতে হবে। সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলার জন্য প্রস্তুত থাকতে হবে। এ বিপ্লবের ফলে দেশের মানুষের আয়ের পরিমাণের সঙ্গে জীবনমানও বাঢ়বে। সরকারের নেওয়া উন্নয়ন পরিকল্পনার অংশ হিসেবে অভ্যন্তরিন মুক্ত জলাশয়, বন্দেজলাশয় এবং সম্প্রসারিত সামুদ্রিক জলাশয়ে সুনির্দিষ্ট উদ্দেশ্য ও কার্যক্রম বাস্তবায়নে বাংলাদেশ ইতোমধ্যেই মৎস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে। মাছচাষে এদেশ স্বয়ংসম্পূর্ণতা অর্জন করলেও মৎস্যসম্পদ ব্যবস্থাপনার বেশকিছু চ্যালেঞ্জ চতুর্থ শিল্প বিপ্লবের কাংখিত সাফল্যকে বীধাত্বাত্মক করতে পারে। আলোচিত চ্যালেঞ্জসমূহ-

- দেশে উন্নত প্রযুক্তির চাহিদা থাকলেও স্থানীয়ভাবে ব্যবহার উপযোগী লাগসই প্রযুক্তি ও এর ব্যবহার খুবই সীমিত।
- চতুর্থ শিল্প বিপ্লবের উপযোগী বিজ্ঞানমনক্ষ ও দক্ষ জনবল এর অভাব
- খাদ্য নিরাপত্তার লক্ষ্যে নিরাপদ মাছ চাষ

তিনি জানান, ডেমোগ্রাফিক তথ্য মতে বাংলাদেশে বর্তমানে তরুণের সংখ্যা মোট জনসংখ্যার প্রায় ৩০ শতাংশ। এদেশের ক্ষেত্রে আগামী ৩০ বছর জুড়ে তরুণ বা উৎপাদনশীল এজনগোষ্ঠীর সংখ্যাগরিষ্ঠতা থাকবে। বাংলাদেশের জন্য চতুর্থ শিল্প বিপ্লবের সুফল ভোগ করার এটাই হবে সবচেয়ে বড় হাতিয়ার। জ্ঞানভিত্তিক এ শিল্প বিপ্লবে প্রাকৃতিক সম্পদের চেয়ে দক্ষ মানবসম্পদই হবে বেশি মূল্যবান। এবিপ্লবে বিপুল পরিমাণ কর্মক্ষম জনবলের কর্মক্ষেত্র সংকুচিত হলেও বিপরীতে সৃষ্টি হবে আরও বেশি নতুন ধারার নানাবিধি কর্মক্ষেত্র। কাজেই চতুর্থ শিল্প বিপ্লবের উপযোগী বিজ্ঞানমনক্ষ ও দক্ষ জনবল গড়ে তোলার ব্যাপক কার্যক্রম হাতে নেওয়ার এখনই সময়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত মৎস্যচাষীদেরকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করায় ধন্যবাদ জানিয়ে সভার কাজে সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ আব্দুল মান্নান আকন্দ)  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা  
মান্দা, নওগাঁ।  
মোবাইল নং-০২৫৮৮৮৮৬১৩৩  
sufo.manda@gmail.com